

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
(অডিট ও আইন শাখা)
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.৭৮.০০১.২৩-৮৫


তারিখ: ৩০ শ্রাবণ ১৪৩২
১৪ আগস্ট, ২০২৫

জরুরী বিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রতিষ্ঠান প্রধান এবং শিক্ষক-কর্মচারীগণ নিয়মিত মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে গমন করছেন। যার ফলে একদিকে যেমন প্রতিষ্ঠানের স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে, অন্যদিকে প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা পাঠদান হতে বঞ্চিত হচ্ছে। মাদ্রাসার বিভিন্ন কাজে যেমন- এমপিওভুক্তিকরণ, এমপিওভুক্ত মাদ্রাসায় বিশেষ বরাদ্দ প্রদান, উচ্চতর স্কেল প্রদান, পদোন্নতি, ডিজি মহোদয়ের প্রতিনিধি মনোনয়ন, এমপিও শীটে নাম, পদবি ও বিষয়, জন্ম-তারিখ সংশোধন, বকেয়া প্রদান, প্রশিক্ষণে শিক্ষক-কর্মকর্তা মনোনয়ন, ইনডেক্স প্রদান, ইনডেক্স কর্তনসহ অন্যান্য কাজ প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে অনলাইনে/সরাসরি ডকেটে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। কোনভাবেই অন্য কোন ব্যক্তি বা তৃতীয় পক্ষের মাধ্যমে আবেদন করা যাবে না। প্রতিষ্ঠান প্রধান/শিক্ষক-কর্মচারীগণ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের আসার সময় অবশ্যিকভাবে ছুটি/অনুমতিপত্র সঙ্গে আনতে হবে (শাখা কর্মকর্তাগণ বিষয়টি নিশ্চিত করবেন)।

এমতাবস্থায়, উক্ত নির্দেশনা অনুসরণ না করলে 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/সর্বশেষ পরিমার্জিত)' এর ১৮.১ (খ) এবং (গ) অনুচ্ছেদ অনুসারে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা মোতাবেক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং শিক্ষক-কর্মচারীগণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিষয়টি অতীব জরুরী।


২৪/০৮/২০২৫
মোঃ আব্দুল মান্নান

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
ফোন-#০২-৪১০৩০১৬০

অনুলিপি:

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ)/ (প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সকল কর্মকর্তা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।